# আশুলিয়ায় লাশ পোড়ানো মামলায় সাবেক এমপিসহ ৬ জনের ফাঁসি




ছবি: সংগৃহীত

আশুলিয়ায় সাতজনকে হত্যা ও ছয়জনের মরদেহ পোড়ানোর ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় ১৬ জনের বিরুদ্ধে রায় দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এতে ৬ জনকে মৃত্যুদণ্ড, ৭ জনকে যাবজ্জীবন, ২ জনকে ৭ বছর কারাদণ্ড এবং এক রাজসাক্ষীকে খালাস দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন বেঞ্চ এ রায় ঘোষণা করেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্তদের মধ্যে আছেন সাবেক এমপি সাইফুল ইসলাম, সাবেক ওসি এ এফ এম সায়েদ, এসআই আব্দুল মালেক, সাবেক এএসআই বিশ্বজিৎ সাহা, কনস্টেবল মুকুল চোকদার ও রনি ভূইয়া।

যাবজ্জীবন দণ্ড পেয়েছেন সাবেক ডিআইজি সৈয়দ নুরুল ইসলাম, সাবেক পুলিশ সুপার আসাদুজ্জামান রিপন, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল্লাহিল কাফী ও শাহিদুল ইসলাম, পরিদর্শক মাসুদুর রহমান ও নির্মল কুমার দাস এবং এসআই আরাফাত উদ্দিন।

এএসআই কামরুল হাসান ও পরিদর্শক আরাফাত হোসেনকে ৭ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে। রাজসাক্ষী শেখ আবজালুল হক খালাস পেয়েছেন। গত বছরের ২১ আগস্ট এ মামলায় অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরু হয়েছিল।

LENS ASIA